## ৩.৪ সেবার নাম: উপ-আইন সংশোধন

### ৩.৪.১ সেবা প্রোফাইল

| সেবা প্রদানকারী অফিসের নাম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী | সেবাপ্রাপ্তির স্থান | প্রয়োজনীয় সময় |
|---|---|---|---|
| ১. উপজেলা/মেট্রোপলিটন থানা কার্যালয়<br>২. জেলা সমবায় কার্যালয়<br>৩. বিভাগীয় সমবায় কার্যালয়<br>৪. সমবায় অধিদপ্তর | ১. উপজেলা/ মেট্রোপলিটন থানা সমবায় অফিসার, সহকারী পরিদর্শক<br>২. জেলা সমবায় অফিসার, পরিদর্শক,<br>৩. যুগ্ম-নিবন্ধক, উপ-নিবন্ধক, সহকারী নিবন্ধক<br>৪. নিবন্ধক ও মহাপরিচালক, অতিরিক্ত নিবন্ধক, যুগ্ম-নিবন্ধক, উপ-নিবন্ধক, সহকারী নিবন্ধক | উপজেলা/মেট্রোপলিটন থানা/জেলা বিভাগীয় সমবায় কার্যালয়/ সমবায় অধিদপ্তর | ৭-৬০ দিন |

| | |
|---|---|
| **সেবা প্রদানের সংক্ষিপ্ত বিবরণ** | সমিতির কর্মকাণ্ডের প্রয়োজনে নিবন্ধিত জাতীয়/কেন্দ্রীয়/প্রাথমিক সমিতির উপ-আইনের কোনো বিধান সংশোধন করতে পারে। এজন্য নিম্নলিখিত পদক্ষেপ অনুসরণ করতে হবে:<br><br>**ক) জাতীয় সমবায় সমিতির ক্ষেত্রে:**<br>জাতীয় সমবায় সমিতির ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিগণ কর্তৃক আবেদন এবং সমবায় সমিতি আইন ও বিধিমালা অনুযায়ী সংশ্লিষ্ট কাগজপত্র উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসে দাখিল করতে হয়। উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার দাখিলকৃত রেকর্ডপত্র পর্যালোচনাকরত তার মন্তব্যসহ জেলা সমবায় অফিসার বরাবর অগ্রায়ন করেন। জেলা সমবায় অফিসার নিজে সরজমিনে যাচাইপূর্বক পরিদর্শন মন্তব্যসহ দাখিলকৃত আবেদন ও রেকর্ডপত্র বিভাগীয় যুগ্ম-নিবন্ধক বরাবর অগ্রায়ন করেন। যুগ্ম-নিবন্ধক প্রাপ্ত রেকর্ডপত্র পর্যালোচনাপূর্বক মন্তব্যসহ দাখিলকৃত আবেদন ও রেকর্ডপত্র নিবন্ধক ও মহাপরিচালক বরাবর অগ্রায়ন করেন। আবেদনপ্রাপ্তির পর নিবন্ধক ও মহাপরিচালক বিবেচনায় উপ-আইন সংশোধনযোগ্য হলে উপ-আইন সংশোধনের আদেশ প্রদান এবং উপ-আইন সংশোধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট সমবায় অফিসের মাধ্যমে আবেদনকারীর নিকট প্রেরণ করেন। উপ-আইন সংশোধনসংক্রান্ত কোনো আপত্তি থাকলে তাঁর কার্যালয়ের অতিরিক্ত নিবন্ধক/ যুগ্ম-নিবন্ধক/উপ-নিবন্ধক/সহকারী নিবন্ধক কর্তৃক সরজমিনে তদন্ত করার পর তদন্ত প্রতিবেদনের আলোকে উপ-আইন সংশোধনের আদেশ প্রদান অথবা রেকর্ডপত্র সংশোধনের জন্য বা উপ-আইন সংশোধন নামঞ্জুর করে উপ-আইন সংশোধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট যুগ্ম-নিবন্ধক/জেলা/উপজেলা/মেট্রোপলিটন থানা/সমবায় অফিসারের মাধ্যমে আবেদনকারীর নিকট প্রেরণ করেন।<br><br>**খ) কেন্দ্রীয় সমবায় সমিতির ক্ষেত্রে**<br>কেন্দ্রীয় সমবায় সমিতির ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিগণ কর্তৃক আবেদন এবং সমবায় সমিতি আইন ও বিধিমালা অনুযায়ী সংশ্লিষ্ট কাগজপত্র উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসে দাখিল করতে হয়। উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার দাখিলকৃত রেকর্ডপত্র পর্যালোচনাকরত তার মন্তব্যসহ জেলা সমবায় অফিসার বরাবর অগ্রায়ন করেন। জেলা সমবায় অফিসার নিজে সরজমিনে যাচাইপূর্বক পরিদর্শন মন্তব্যসহ দাখিলকৃত আবেদন ও রেকর্ডপত্র বিভাগীয় যুগ্ম-নিবন্ধক বরাবর অগ্রায়ন করেন। আবেদনপ্রাপ্তির পর যুগ্ম-নিবন্ধকের বিবেচনায় সমিতির উপ-আইন সংশোধনযোগ্য হলে উপ-আইন সংশোধনের আদেশ প্রদান এবং উপ-আইন সংশোধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট অফিস ও আবেদনকারীর নিকট প্রেরণ করেন।<br><br>উপ-আইন সংশোধনসংক্রান্ত কোনো আপত্তি থাকলে তাঁর কার্যালয়ের উপ-নিবন্ধক/সহকারী নিবন্ধক কর্তৃক সরজমিনে তদন্ত করাবেন এবং তদন্ত প্রতিবেদনের আলোকে উপ-আইন সংশোধনের আদেশ প্রদান অথবা রেকর্ডপত্র সংশোধনের জন্য বা উপ-আইন সংশোধন নামঞ্জুর করে উপ-আইন সংশোধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট জেলা/উপজেলা/ মেট্রোপলিটন থানা/সমবায় অফিসারের মাধ্যমে আবেদনকারীর নিকট প্রেরণ করেন। |

| ৩.৪ সেবার নাম: উপ-আইন সংশোধন | | |
|---|---|---|
| | | **গ) প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে**<br>প্রাথমিক সমবায় সমিতির ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিগণ কর্তৃক আবেদন এবং সমবায় সমিতি আইন ও বিধিমালা অনুযায়ী সংশ্লিষ্ট কাগজপত্র উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসে দাখিল করতে হবে। উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার দাখিলকৃত রেকর্ডপত্র নিজে বা তার কার্যালয়ের সহকারী পরিদর্শক কর্তৃক সরজমিনে যাচাইপূর্বক পরিদর্শন মন্তব্যসহ দাখিলকৃত আবেদন ও রেকর্ডপত্র জেলা সমবায় অফিসার বরাবর অগ্রায়ন করবেন। আবেদনপ্রাপ্তির পর জেলা সমবায় অফিসারের বিবেচনায় সমিতিটি উপ-আইন সংশোধনযোগ্য হলে উপ-আইন সংশোধনের আদেশ প্রদান এবং উপ-আইন সংশোধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় কার্যালয়ের মাধ্যমে আবেদনকারীর নিকট প্রেরণ করেন। উপ-আইন সংশোধনসংক্রান্ত কোনো আপত্তি থাকলে তাঁর কার্যালয়ের পরিদর্শক কর্তৃক সরজমিনে তদন্ত করাবেন এবং তদন্ত প্রতিবেদনের আলোকে উপ-আইন সংশোধনের আদেশ প্রদান অথবা রেকর্ডপত্র সংশোধনের জন্য বা উপ-আইন সংশোধন নামঞ্জুর করে আইন সংশোধনসংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসারের মাধ্যমে আবেদনকারীর নিকট প্রেরণ করেন। |
| **সেবাপ্রাপ্তির শর্তাবলি** | | ১. সমবায় সমিতি আইন ও বর্ণিত শর্তাবলি বিশেষ/বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্ত<br>২. সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ |
| **প্রয়োজনীয় কাগজপত্র** | | আবেদনপত্র, সদস্যদের স্বাক্ষরযুক্ত তিন প্রস্থ সংশোধিত উপ-আইন, সাধারণ সভার রেজুলেশন |
| **প্রয়োজনীয় ফি/ট্যাক্স/আনুষঙ্গিক খরচ** | | বিনামূল্যে |
| **সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালা** | | ১. সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও সংশোধিত, ২০১৩)<br>২. সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ |
| **নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা** | | প্রাথমিক সমবায় সমিতির ক্ষেত্রে যুগ্ম-নিবন্ধক, কেন্দ্রীয় সমিতির ক্ষেত্রে নিবন্ধক ও মহাপরিচালক, জাতীয় সমিতির ক্ষেত্রে সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |
| **সেবা প্রদান/ প্রাপ্তির ক্ষেত্রে অসুবিধাসমূহ** | **ক) নাগরিক পর্যায়** | সমিতি নিবন্ধিত উপ-আইন সম্পর্কে সমিতির সদস্যদের বিশেষত ব্যবস্থাপনা কমিটির সদস্যদের স্বচ্ছ ধারণা না থাকা। |
| | **খ) সরকারি পর্যায়** | সমিতির সকল কার্যক্রম সমিতির নিবন্ধিত উপ-আইনের আলোকে পরিচালিত হচ্ছে কিনা তা স্বল্প সময়ে যাচাই করা অনেক কষ্টসাধ্য ব্যাপার হয়ে দাঁড়ায়। |
| **বিবিধ/অন্যান্য** | | |